87

দৈনিক ইনকিলাব

তারিখ 11 JUL 1998
পৃষ্ঠা ৩ কলাম ৫

# ছাত্র-ছাত্রীদের বর্তমান মেধাতালিকা তৈরীর পদ্ধতি সম্পূর্ণ অবৈজ্ঞানিক

**—ডঃ ইকবাল মাহমুদ**

প্রেস বিজ্ঞপ্তি ঃ আমাদের দেশে এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় বর্তমানে যে মেধাতালিকা তৈরী করা হয় তা যথার্থ নয়। বোর্ড কর্তৃক যে মেধাতালিকা প্রস্তুত করা হয় তা সম্পূর্ণ অবৈজ্ঞানিক। গতকাল শুক্রবার দি স্টুডেন্টস ওয়েলফেয়ার এসোসিয়েশন কর্তৃক বৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ কৃতী ছাত্রদের দেয়া এক সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় বুয়েটের ভিসি ডঃ ইকবাল মাহমুদ উপরোক্ত মন্তব্য করেন। এসোসিয়েশনের চেয়ারম্যান ডাঃ বাহাউদ্দীন মুঃ ইউসুফের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সর্বজনাব সাবেক জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান শাহ আব্দুল হান্নান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ডঃ হাসানুজ্জামান, বিশিষ্ট অভিনেতা আরিফুল হক, বিশিষ্ট চক্ষু বিশেষজ্ঞ ডাঃ শাহ বুলবুল ইসলাম, শিশু বিশেষজ্ঞ ডাঃ সুলতান আহমদ, সমাজ সেবক ইঞ্জিনিয়ার মেজবাহ উদ্দীন খান। বিভিন্ন স্কুল থেকে আগত শিক্ষকবৃন্দের মধ্য থেকে মনিপুর স্কুলের প্রধান শিক্ষক শেখ সরদার আলী, হলি চাইল্ড পাবলিক এন্ড কলেজের প্রিন্সিপাল আশরাফুল হক, শেরে-বাংলা নগর বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মিসেস হাসিনা জাহান এবং কিং খালেদ ইনস্টিটিউটের প্রিন্সিপ্যাল অধ্যাপক শামসুদ্দীন অনুষ্ঠানে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য পেশ করেন এসোসিয়েশনের পরিচালক জনাব ফখরুল ইসলাম।

প্রধান অতিথি তার বক্তৃতায় আরো বলেন, বর্তমান মেধাতালিকা পদ্ধতিতে দুর্নীতির অনুপ্রবেশ ঘটেছে। উন্নত বিশ্বের কোথাও এ ধরনের পদ্ধতি চালু নেই। তিনি এ পদ্ধতির অপসারণ ঘটিয়ে ফলাফল প্রস্তুতিতে গ্রেডিং পদ্ধতি চালুর প্রস্তাব পেশ করেন। তিনি আরো বলেন, আমাদের পরীক্ষা পদ্ধতি এমন হওয়া দরকার যাতে ছাত্র-ছাত্রীদের নিজস্ব চিন্তার প্রতিফলন ঘটবে। ছাত্র/ছাত্রীদেরকে পরামর্শ দিয়ে তিনি বলেন, পুঁথিগত বিদ্যা মুখস্ত করা নয় নিজের চিন্তার বিকাশ ঘটাতে হবে।

বিশেষ অতিথি শাহ আবদুল হান্নান বলেন, ছাত্র-ছাত্রীদের শিক্ষার স্বার্থে অন্তত ৫ বৎসরের জন্য ছাত্র রাজনীতি বন্ধ রাখা উচিত। তিনি বলেন, নৈতিক জাতিগঠনের জন্য ধর্মশিক্ষার বিকল্প নেই। মুসলিম যুব শক্তিকে জ্ঞানে-বিজ্ঞানে উন্নত হতে হবে। আমাদের জন্য প্রয়োজন একটি পূর্ণাঙ্গ শিক্ষা ব্যবস্থা। তিনি আরো বলেন, মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার কারিকুলামে পরিবর্তন আনতে হবে।